গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির সেপ্টেম্বর,২০২২ মাসের প্রতিবেদন প্রেরণ।

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির সেপ্টেম্বর,২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সেপ্টেম্বর,২০২২ মাসের প্রতিবেদন।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ই-মেইল:
programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

[দৃ:আ: উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
২। পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। উপসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৭। প্রকল্প পরিচালক, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, টবগী-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা।
১০। উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা।
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১২। যুগ্মসচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার

মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির

<u>সেপ্টেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন</u>

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। বর্ণিত কার্যক্রমের আওতায় ২ (দুই)টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**২। কমিটির কার্যক্রম:**

কমিটি কার্যপরিধির আওতায় ২০২২-২৩ অর্থবছরে উৎস অনুসন্ধানের নির্ধারিত লক্ষ্যমাত্রার অধীন শরীয়তপুর#০১ খনন এলাকা সরেজমিন পরিদর্শন করে। পরিদর্শনের পর প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে প্রকল্প এলাকায় এক সভায় মিলিত হয়ে শরীয়তপুর#০১ খনন বিষয়ে বিস্তারিত অবহিত হয়। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিষ্কার সাপেক্ষে ৭৩.৮ বিসিএফ গ্যাস মজুদ বৃদ্ধি পাবে এবং দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা রয়েছে।

**পরিদর্শনের তারিখ:** ০৭ সেপ্টেম্বর, ২০২২

**পরিদর্শনকারী কর্মকর্তা:**

১) জনাব শাহিনা খাতুন, যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) জনাব এম নাসিমুল আলীম, উপমহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা
৩) জনাব মো: মাফরুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**পরিদর্শনকৃত এলাকা:** শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলাধীন শরীয়তপুর#০১ অনুসন্ধান কূপ খনন এলাকা এবং সংযোগ সড়কসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এলাকা।

**আয়োজক:** পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)।

**৩। খনন কার্যক্রমের অগ্রগতি:**

শরীয়তপুর#০১ অনুসন্ধান কূপ ৯,৫৯০.০০ লক্ষ টাকা (বাপেক্স ৯৬৮.৫০ লক্ষ টাকা এবং জিডিএফ ৮,৬২১.৫০ লক্ষ টাকা) ব্যয়ে ডিসেম্বর, ২০২২ নাগাদ সম্পন্নের লক্ষ্যে খনন কার্যক্রম শুরু হয়েছে। শরীয়তপুর স্ট্রাকচারে ৩২০০ (±১০০) মিটার (TVDss) গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করার লক্ষ্যে বর্তমানে কার্যক্রম চলমান আছে।

**কার্যক্রমভিত্তিক অগ্রগতি নিম্নরূপ:**

১) <u>ভূমি অধিযাচন</u>: কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিপূরণ প্রাক্কলনের কাজ চলছে।

২) <u>ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:</u> কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজ শেষ হয়েছে। গোডাউন নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। ইতোমধ্যে পূর্ত কাজের ৯৫% সম্পন্ন হয়েছে।

৩) <u>বৈদেশিক মালামাল/ যন্ত্রপাতি ক্রয়করণ:</u> প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ১৭টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং মালামালসমূহ আমদানির পর্যায়ে রয়েছে।

৪) <u>তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:</u> প্রকল্পের ডিপিপি ক্রয় পরিকল্পনা মোতাবেক ৫টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং কূপ খননকালে সেবা গ্রহণ করা হবে।

৫) <u>রিগ পরিবহন:</u> পরিবহন ঠিকাদার ও বাপেক্স এর নিজস্ব পরিবহনের মাধ্যমে যুগপৎভাবে রিগ ও খনন মালামাল পরিবহন পরিদশনকালীন সপ্তাহে শুরু হবে।

৬) <u>ইআইএ স্টাডি:</u> আলোচ্য প্রকল্পের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।


৭) <u>আবাসিক ক্যাম্প স্থাপন:</u> বাপেক্স এর পরিবহনের মাধ্যমে ক্যারাভান শিফটিংপূর্বক ক্যাম্প স্থাপনের কাজ চলছে।

*বর্তমান অগ্রগতি বিবেচনায় নভেম্বর, ২০২২ মাসের ১ম সপ্তাহে মূল খনন কাযক্রম শুরুর পরিকল্পনা করা হয়েছে।*

**৪। যথাসময়ে মূল খনন কার্যক্রম সম্পাদনে প্রতিবন্ধকতা:**

বর্তমানে চলমান রাশিয়া ইউক্রেন যুদ্ধ পরিস্থিতির কারণে কিছু বৈদেশিক মালামাল প্যাকেজ শিপিং এ বিলম্ব হচ্ছে। গুরুত্বপূর্ণ মালামালসমূহ আমদানী বিলম্বের কারণে মূল খনন কার্যক্রম শুরুর বিলম্ব হওয়ার আশংকা রয়েছে। অপরদিকে, বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি, ডিপিপি-তে অগ্রিম আয়কর খাত অন্তর্ভুক্তিসহ অন্যান্য কারণে প্রকল্পের ডিপিপি সংশোধনের বিষয়ে ২য় পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক আরডিপিপি অনুমোদনাধীন আছে। ফলে প্রকল্পের মেয়াদ বাড়ানোর প্রয়োজন হতে পারে।

**৫। খনন এলাকা পরিদর্শনের স্থিরচিত্র:**



**৬। মন্তব্য/সুপারিশ:**

(ক) শরীয়তপুর#১ কূপ খনন সংশ্লিষ্ট বৈদেশিক মালামাল দ্রুত আমদানির লক্ষ্যে বাপেক্স-কে সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

(খ) বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি, ডিপিপি-তে অগ্রিম আয়কর খাত অন্তর্ভুক্তিসহ অন্যান্য কারণে প্রকল্পের ডিপিপি দ্রুত সংশোধন ও অনুমোদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

20/6/2022
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

20/6/2022
এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা

20/6/2022
শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ